১৩

৭ম বর্ষ, ২য় সংখ্যা-২০১৯

# শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বার্তা

# SHER-E-BANGLA AGRICULTURAL UNIVERSITY NEWS LETTER



## শেকৃবিতে মাদক, জঙ্গিবাদ ও র‍্যাগিং বিরোধী সমাবেশ



মাদক, জঙ্গিবাদ ও র‍্যাগিং বিরোধী সমাবেশে ডিএমপি কমিশনারকে ক্রেস্ট দিচ্ছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ

মাদক, জঙ্গিবাদ ও র‍্যাগিং প্রতিরোধ করে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ২ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক কৃষিবিদ মীর শহীদুল ইসলাম, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার কৃষিবিদ মোহাম্মদ শফিকুল ইসলাম,

*(২য় পাতায়)*

## শেকৃবিতে ডিন'স অ্যাওয়ার্ড পেলেন ৫৫২ শিক্ষার্থী




ডিন'স অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীদের সাথে কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদসহ অন্যান্য অতিথিবৃন্দ

পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল করায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ২০০৩ থেকে ২০১৭ শিক্ষাবর্ষের ৫৫২ শিক্ষার্থীকে ডিন'স অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। ২৭ অক্টোবর রবিবার বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন।

*(২য় পাতায়)*

## জঙ্গিবাদ ও র‌্যাগিং বিরোধী সমাবেশ (প্রথম পৃষ্ঠার পর)



বাংলাদেশ পুলিশ স্পেশাল ব্রাঞ্চের অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক মীর শহীদুল ইসলামকে ক্রেস্ট দিচ্ছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ

শেকৃবির ট্রেজারার প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগ, তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার বিপ্লব বিজয় তালুকদার। অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন শেকৃবির উপ-উপাচার্য প্রফেসর ড. মো. সেকেন্দার আলী।

সহকারী অধ্যাপক রুহুল আমিনের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. মিজানুর রহমান। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

পুলিশ কমিশনার শফিকুল ইসলাম বলেন, র‌্যাগিং নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে যে, দেশের বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে টর্চার কক্ষ রয়েছে, যেখানে শিক্ষার্থীদের নির্যাতন করা হয়। প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন, সব হলে অভিযান চালাতে। যার প্রেক্ষিতে এ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের সাথে যোগাযোগ করার পর তাদের পরামর্শে এ সমাবেশের আয়োজন করা হয়।

বাংলাদেশ পুলিশ স্পেশাল ব্রাঞ্চের অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক মীর শহীদুল ইসলাম বলেন, যেখানে যাবেন জনগণের সেবা করবেন।

উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, র‌্যাগিং একটি অপসংস্কৃতি। শিক্ষার্থীদের মনন বিকাশে বাধা দেয় এমন অপসংস্কৃতি থেকে সবাইকে বের হয়ে আসতে হবে।



মাদক, জঙ্গিবাদ ও র‌্যাগিং বিরোধী সমাবেশে আগত দর্শকদের একাংশ

## ডিন'স অ্যাওয়ার্ড পেলেন ৫৫২ শিক্ষার্থী (প্রথম পৃষ্ঠার পর)



বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিমকে ক্রেস্ট দিচ্ছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ ও কৃষি অনুষদের ডীন অধ্যাপক ড. মো. ফজলুল করিম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান। এছাড়া বিভিন্ন অনুষদের ডীন, শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেন, এ বিশ্ববিদ্যালয়ের ছেলে-মেয়েরা দেশের মর্যাদা আরো জোরদার করবে। শুধু দেশ নয়, দেশের বাইরেও অবদান রাখবে। আমি চাই এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা তাদের কর্মকাণ্ডের মধ্য দিয়ে একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে দায়িত্ব পালন করবে। তিনি মাদকের বিরুদ্ধে শিক্ষার্থীদের বলিষ্ঠ ভূমিকা রাখার আহ্বান জানান।

কৃষি অনুষদের ডীন অধ্যাপক ড. মো. ফজলুল করিম বলেন, ২০০১ সালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর প্রথম এ ধরনের অনুষ্ঠান আয়োজন করতে পেরে আমরা আনন্দিত। সবার সহযোগিতার কারণেই এটি সম্ভব হয়েছে। আজকের ডীন'স অ্যাওয়ার্ডের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রতিযোগিতা বাড়বে।

অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য রেজিস্টার্ড ৫৫২ জনকে আমন্ত্রণ জানানো হয়। অবশিষ্ট ৪৬৮ জনকে ডীন বরাবর আবেদনের প্রেক্ষিতে ডিন'স অ্যাওয়ার্ড সার্টিফিকেট প্রদান করা হবে।



কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম এর কাছ থেকে ডিন'স অ্যাওয়ার্ড গ্রহন করছেন সহযোগী অধ্যাপক কৃষিবিদ ড. কামরুন্নাহার

## শেকৃবিতে বিশ্ববিদ্যালয় দিবস পালিত



বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে। ১৫ জুলাই সকাল ১০টায় একাডেমিক ভবন সংলগ্ন স্বাধীনতা চত্বরে জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির উদ্বোধন করা হয়।

জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন যথাক্রমে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী। পরে উপাচার্য শান্তির প্রতীক পায়রা ও বেলুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচির উদ্বোধন করেন। উদ্বোধন পর প্রশাসনিক ভবনে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেরেবাংলা এ কে ফজলুল হকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

উদ্বোধন শেষে একটি শোভাযাত্রা বের করা হয়। এ সময় বাদ্যের তালে তালে নেচে গেয়ে পুরো ক্যাম্পাসকে মাতিয়ে তোলেন ছাত্র-ছাত্রীরা। তাদের সীমাহীন আনন্দ-উল্লাস মুখরিত করে তোলে চারদিক। শোভাযাত্রাটি ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনে এসে শেষ হয়। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয় ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. মিজানুর রহমান, রেজিস্ট্রার শেখ রেজাউল করিমসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, সিন্ডিকেট সদস্য, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

বিকাল ৩ টায় এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদে শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।



## শেকৃবিতে স্নাতকোত্তর শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগের স্নাতকোত্তর শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। ২১ সেপ্টেম্বর বিকাল ৪ টায় শেখ কামাল ভবনের এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের সেমিনার গ্যালারিতে স্নাতকোত্তর শিক্ষার্থীদের নবীনবরণ এবং 'দ্য কমেন্সমেন্ট অফ রিসার্চ ক্যারিয়ার' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

ড. কে বি এম সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পোস্ট গ্রাজুয়েট স্টাডিজের ডিন অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাস। বিশেষ অতিথি লাইভস্টক রিসার্চ ইনস্টিটিউটের পরিচালক ড. মো. আইনুল হক ও বাংলাদেশ ফুড সিকিউরিটি অথরিটির পরিচালক ড. এ এস এস এম জুবেরি। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র ভিত্তিক ইকো হেলথ এলিয়েন্স এর বাংলাদেশ বিভাগের প্রোগ্রাম কো-অরডিনেটর ড. মো. আরিফুল ইসলাম।

## শেকৃবিতে দুই হলের ভিত্তিপ্রস্তর স্থাপন



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য নতুন দুইটি হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম। ২৭ অক্টোবর ১০ (দশ) তলা বিশিষ্ট ১০০০ ছাত্রীর আবাসন সম্পন্ন শেখ সাহেরা খাতুন এবং ১০০০ ছাত্রের আবাসন সম্পন্ন শেখ লুৎফর রহমান হল দুটির ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এসময় উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগসহ, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## শেকৃবির শিক্ষার্থীরা পাবেন ৩০ হাজার টাকার স্বাস্থ্য বীমা



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২৩ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের উপস্থিতিতে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

এই চুক্তির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য বীমা চালু হলো। ৪ বছরে এক হাজার টাকার প্রিমিয়াম জমা দিয়ে বীমা কার্ডধারী শিক্ষার্থীরা অসুস্থ্য কিংবা দুর্ঘটনার কারণে হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসার ক্ষেত্রে প্রতি রাতের জন্য তিন হাজার টাকা করে বছরে সর্বোচ্চ ৩০ হাজার টাকা পাবেন।

শেকৃবির পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ এবং জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের পক্ষে মুখ্য নির্বাহী কর্মকর্তা ড. এস এম নুরুজ্জামান এ চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তির সাক্ষী হিসেবে স্বাক্ষর করেন রেজিস্ট্রার শেখ রেজাউল করিম, অ্যাডিশনাল ডিরেক্টর মো. তরিকুল ইসলাম এবং জেনিথের পক্ষে জিএম আব্দুর রহমান, এজিএম মো. আনোয়ার হোসেন সরকার।

## শেকৃবি ও ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়ার মধ্যে সমঝোতা চুক্তি বিষয়ে আলোচনা



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া এর মধ্যে স্টাডি ট্যুর, যৌথ গবেষণা কার্যক্রম, উচ্চতর প্রশিক্ষণ, মানব সম্পদ উন্নয়নে শিক্ষক ও ছাত্র বিনিময় কার্যক্রম এবং উভয় বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান গবেষণা সুবিধা বিনিময় চুক্তি করা ব্যাপারে আলোচনা হয়েছে। এছাড়া এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের শিক্ষার্থীদের ইন্টার্নশিপের ব্যাপারেও আলোচনা হয়।

ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া কৃষি অনুষদের ডীন প্রফেসর ড. আবদুল শুকুর জুয়াইমি নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল ২৩ জুলাই বিকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের সঙ্গে বৈঠক কালে দুই বিশ্ববিদ্যালয়ের সাথে এই ঐক্যমত প্রতিষ্ঠিত হয়।

এ সময় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী, ইনস্টিটিউট অব সীড টেকনোলজির পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আলী, বহিরাঙ্গন কার্যক্রমের পরিচালক প্রফেসর ড. মো. মোফাজ্জল হোসাইন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজের ডিন অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাস, প্রফেসর নূর মো. রহমতউল্লা, বিভিন্ন অনুষদের ডিন ও পরিচালকসহ অন্যান্য শিক্ষকরা উপস্থিত ছিলেন।

## শেকৃবির সাথে তুরস্কের সমঝোতা চুক্তি স্বাক্ষরিত



আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে মৌ চাষ, প্রশিক্ষণ ও যৌথ গবেষণার পরিধি বাড়াতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং তুরস্কের এপিমায়ী বিকিপিং কোম্পানির সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ৪ জুলাই বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের উপাচার্য কনফারেন্স রুমে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ এবং তুরস্কের পক্ষে এপিমায়ী বিকিপিং এর চেয়ারম্যান ইমরী ইলডিরিম চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক এবং কাউন্সিলের সাবেক নির্বাহী চেয়ারম্যান ড. ওয়ায়েস কবীর, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কৃষি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফজলুল করিম, অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাস, কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মো. মিজানুর রহমান, অধ্যাপক ড. মোঃ মোফাজ্জল হোসাইন, অধ্যাপক ড. এম সাখাওয়াত হোসেনসহ শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, এ সমঝোতা চুক্তির মাধ্যমে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও তুরস্কের এপিমায়ী বিকিপিং কোম্পানি মধ্যে উচ্চশিক্ষা ও গবেষণা ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হবে।

## চিংড়ি'র রোগ নির্ণয়ে শেকৃবিতে প্রশিক্ষণ



দেশের ২য় গুরুত্বপূর্ণ রফতানিপণ্য চিংড়ি শিল্পের সার্বিক উন্নয়নকল্পে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে চিংড়ি'র রোগ নির্ণয়ের উপরে ২১ আগস্ট বুধবার দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে। অ্যাকোয়াটিক অ্যানিম্যাল হেলথ ম্যানেজমেন্ট বিভাগ ও যুক্তরাষ্ট্রের ফাইব্রো অ্যানিম্যাল হেলথ কর্পোরেশনের যৌথ উদ্যোগে এ প্রশিক্ষণ সম্পন্ন হয়।

প্রোভেট রিসোর্সেস লিমিটেডের পরিচালক ডা. শামীম আহমেদের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এতে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী। প্রশিক্ষণ কর্মশালায় মূল আলোচক ছিলেন যুক্তরাষ্ট্রের ফাইব্রো অ্যাকোয়া হেলথ ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ ডাঃ অ্যালান হেরিস, ফাইব্রো অ্যাকোয়া এশিয়া প্যাসিফিকের টেকনিক্যাল ম্যানেজার জোয়াও সান্দোস। কর্মশালাটি সঞ্চালনা করেন শেকৃবি'র ফিশারিজ, অ্যাকোয়াকালচার অ্যান্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ড. কাজী আহসান হাবীব।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, এ ধরনের প্রশিক্ষণ মৎস্য সেক্টরের জন্য খুবই উপকারী। চিংড়ি বাংলাদেশের প্রধান রফতানিজাত মৎস্য সম্পদ। তাই ফার্মের পাশেই মাঠ পর্যায়ে চিংড়ির রোগ নির্ণয়ে সক্ষম হলে সহজেই গুণগত মানসম্পন্ন চিংড়ি উৎপাদন সম্ভব হবে এবং চিংড়ি চাষীদের ক্ষতির পরিমাণ হ্রাস পাবে।

## ফল আর্মি ওয়ার্মের আক্রমণ প্রতিরোধে শেকৃবিতে কর্মশালা অনুষ্ঠিত



ফল আর্মি ওয়ার্মের আক্রমণ প্রতিরোধে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্যে রাখছেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ

ভুট্টা ক্ষেতে ফল আর্মি ওয়ার্ম নামে ফসল বিধ্বংসী নতুন এক পোকার আক্রমণ দেখা দিয়েছে। কীটনাশক দিয়েও প্রতিকার পাওয়া যাচ্ছে না বলে জানিয়েছেন কৃষকেরা। এমন পরিস্থিতিতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ফল আর্মি ওয়ার্মের আক্রমণ প্রতিরোধে দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালা সম্পন্ন হয়েছে। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (ফাও) এর সার্বিক সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের কীটতত্ত্ব বিভাগের উদ্যোগে ১৭ ডিসেম্বর উক্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়।

অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, ফাও প্রতিনিধি ড. নুর মোহাম্মদ খন্দকার, প্রকল্প পরিচালক এনায়েত হোসেন। অধ্যাপক ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অধ্যাপক ড. মোহাম্মদ আলী।

## শেকৃবিতে কৃষিবিষয়ক জলবায়ু সেবার প্রশিক্ষণ মডিউল তৈরি



দেশে প্রথমবারে মতো কৃষিতে জলবায়ু সেবার প্রশিক্ষণ নির্দেশিকা তৈরি করতে যাচ্ছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়। এর ফলে কৃষকদের আবহাওয়ার পরিবর্তন জনিত প্রভাব মোকাবেলায় হাতে কলমে প্রশিক্ষন প্রদানে সক্ষম হবে।

কৃষি বিজ্ঞানী ও কৃষি সম্প্রসারণ কর্মকর্তাদের নিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে ১৫ ডিসেম্বর সকালে কৃষিবিষয়ক জলবায়ু সেবার প্রশিক্ষন নির্দেশিক্ষা বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নয়ন প্রকল্পের আওতায় এ কর্মশালার আয়োজন করে।

কৃষিতত্ব বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো. শহীদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক সামছুদ্দিন আহমেদ, প্রকল্প পরিচালক ড. মাজহারুল আজিজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. এইচ. এম. এম তারিক হোসেন।

## ইন্টার্নশিপে মালয়েশিয়া যাচ্ছে শেকৃবির ৫৬ শিক্ষার্থী



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের ইন্টার্নশিপের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এ বছর মালয়েশিয়াসহ দেশের বিভিন্ন জায়গায় ৫৬ জন ভেটেরিনারিয়ান ৬ মাসের ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণ করবে। ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়ার অধীনে ১৭ দিন ইন্টার্নশিপ করবে শিক্ষার্থীরা।

২২ ডিসেম্বর ২০১৯ এনিম্যাল সাইন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন ও ট্রেজারার অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, রেনাটা এনিমেল হেলথ ডিভিশনের ম্যানেজার ড. মু. সাইদুর রহমান সুমন। মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান ড. কে বি এম সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাবেক ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও ইন্টার্নশিপ শিক্ষার্থীরা অংশ নেন।

## জাপানের এনইএফ বৃত্তি পেলেন শেকৃবির ১০ শিক্ষার্থী



জাপানের নাগাও ন্যাচারাল এনভায়রনমেন্ট ফাউন্ডেশনের (এনইএফ) প্রথম পর্যায়ের বৃত্তি পেয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ১০ শিক্ষার্থী। ১০ ডিসেম্বর বিকেল ৪টায় প্রশাসনিক ভবনে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ৬ মাসের বৃত্তির অর্থ প্রদান করেন। মাসিক দুই হাজার একশত পঁচাশি টাকা করে আগামী তিন বছর তারা এ বৃত্তি পাবেন।

অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগসহ শিক্ষক, কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা ও সভাপতির দায়িত্ব পালন করেন এনইএফ বাংলাদেশ কমিটির সদস্য ও এ বিশ্ববিদ্যালয়ের এনইএফ বৃত্তি প্রদান সংক্রান্ত কমিটির সভাপতি প্রফেসর ড. মো. ফরহাদ হোসেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা আগামী দিনগুলোয় প্রকৃতি সুরক্ষা ও জলবায়ু পরিবর্তনের বিরূপ পরিস্থিতি মোকাবেলায় ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ।

উল্লেখ্য, ২০১৬ সাল থেকে এ পর্যন্ত প্রতিবছর এ বিশ্ববিদ্যালয়ের ১০ জন করে শিক্ষার্থী এই বৃত্তি পাচ্ছেন।

## শেকৃবির ৪৭ শিক্ষার্থী পেল ইন্টার্নশিপ সার্টিফিকেট



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ৩য় ব্যাচের শিক্ষার্থীদের ইন্টার্নশিপের সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়েছে। ২১ আগস্ট বুধবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল অনুষদ ভবনের সেমিনার কক্ষে উক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ৪৭ শিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান করা হয়।

এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে ইন্টার্নশিপ সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, রেনেটা জেনারেল ম্যানেজার মো. সিরাজুল হক, গেস্ট অফ অনার ছিলেন প্রফেসর ড. লাম ইয়া আসাদ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি উজ্জ্বল করতে ছাত্রছাত্রীদের সততা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে কাজ করতে হবে।

## শেকৃবিতে অ্যাপসভিত্তিক ডিজিটাল টেলিফোন ডাইরেক্টরি উদ্বোধন




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপসভিত্তিক ডিজিটাল টেলিফোন ডাইরেক্টরি (সাউ ডাইরেক্টরি) উদ্বোধন করা হয়েছে। অ্যাপসটিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিভাগের মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা পাওয়া যাবে।

২৯ সেপ্টেম্বর রবিবার উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এ ডাইরেক্টরির উদ্বোধন করেন। এ সময় উপ-উপাচার্য প্রফেসর ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগসহ বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

এ বিষয়ে তথ্য ও যোগাযোগ কেন্দ্রের পরিচালক প্রফেসর ড. মীর্জা হাছানুজ্জামান বলেন, অ্যাপসটি প্রাথমিক অবস্থায় শুধুমাত্র অ্যান্ড্রয়েড মোবাইল ফোনে ব্যবহার করা যাবে। আইফোন গ্রাহকদের এই অ্যাপসটি ব্যবহার করতে কিছুটা সময় লাগবে। অন্য সব অ্যাপসের মতো গুগল প্লে স্টোর থেকে SAU Directory অ্যান্ড্রয়েড ফোনে ইনস্টল করে এ সেবা পাওয়া যাবে।

## শেকৃবিসাস নতুন কার্যালয়ের শুভ উদ্বোধন



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নতুন কার্যালয় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। ২৬ নভেম্বর বিকাল ৪টায় উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ এই কার্যালয় উদ্বোধন করেন।

সাংবাদিক সমিতির সভাপতি মহিবুল আলম সবুজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ- উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. মো. ফরহাদ হোসেন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, নীল দলের সভাপতি অধ্যাপক নূর মো. রহমতউল্লা, অধ্যাপক ড. নাহিদ জেবা, চিফ ইঞ্জিনিয়ার মো. আজিজুর রহমানসহ, শেকৃবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমানসহ শেকৃবিসাসের সাবেক ও বর্তমান সাংবাদিক সমিতির সদস্যরা। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক রাকিব খান।

আমন্ত্রিত অতিথিবৃন্দ কেক কেটে শেকৃবিসাস কার্যালয়ের শুভ উদ্বোধন করেন।

## শেকৃবির নজরুল হলের উন্নয়নমূলক কাজের উদ্বোধন



ফিতা কেটে আন্তঃহল ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসিক হল কবি কাজী নজরুল ইসলাম হলে দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ হিসেবে নানা উন্নয়নমূলক কাজের উদ্বোধন করা হয়। ৯ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ হলের সম্মুখভাগে কবি কাজী নজরুল ইসলামের ম্যুরাল স্থাপন, হলের চারপাশে পরিকল্পিত বৃক্ষরোপণ কর্মসূচিসহ হলের উভয় ব্লকে নিরাপদ পানি সরবরাহে ফিল্টার স্থাপন কর্মসূচির উদ্বোধন করেন। এসময় আন্তঃহল ক্রীড়া প্রতিযোগিতারও উদ্বোধন ঘোষণা করেন তিনি। পরে হলের কমনরুমে উদ্বোধন পরবর্তী এক সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, প্রক্টর অধ্যাপক ড. মো. ফরহাদ হোসেন এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান, শেকৃবি শাখা ছাত্রলীগের সভাপতি এস এম মাসুদুর রহমান মিঠু, সাধারণ সম্পাদক মিজানুর রহমান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কবি কাজী নজরুল ইসলাম হলের প্রভোস্ট ড. মো. সাইফুল ইসলাম ভূঁইয়া।

## শেকৃবিতে সাংস্কৃতিক সপ্তাহ অনুষ্ঠিত



বেলুন উড়িয়ে সাংস্কৃতিক সপ্তাহ-২০১৯ শুভ উদ্বোধন করছেন
উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ

মাদক, জঙ্গি ও র‍্যাগিংকে না বলি, সাংস্কৃতিক মননশীলতা গড়ে তুলি' স্লোগান নিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে সাংস্কৃতিক সপ্তাহ-২০১৯ অনুষ্ঠিত হয়েছে। ২০ অক্টোবর সকাল ১১ টায় স্বাধীনতা চত্বরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ সাংস্কৃতিক সপ্তাহ উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান, শেকৃবি শাখা ছাত্রলীগের সভাপতি এস এম মাসুদুর রহমান মিঠু, সাধারণ সম্পাদক মিজানুর রহমানসহ বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, হলের প্রভোস্ট, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ। এসময় এক বর্ণাঢ্য র‍্যালি ক্যাম্পাসে প্রদক্ষিণ করে।

প্রতিদিন সন্ধ্যা ৭.০০ টা থেকে কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে নাচ, গান, কৌতুক, ফ্যাশান শো, রম্য বিতর্কসহ বিভিন্ন সাংস্কৃতিক সেগমেন্টে ব্যাচ অনুযায়ী শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

## পিআইবি'র বুনিয়াদি প্রশিক্ষণ পেল শেকৃবিসাস



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) কর্তৃক বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (শেকৃবিসাস)। গত ২৮ থেকে ৩০ অক্টোবর পর্যন্ত ৩ দিনব্যাপী সমিতির ১৯ জন সদস্য ও ১১ জন নবীনসহ ৩০ জন প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণ গ্রহণ করেন।

সাংবাদিকতার বিভিন্ন বিষয়ে অবহিতকরণ, জানা বিষয়গুলোকে পুনরায় জানাতে ও প্রশিক্ষণার্থীদের সাংবাদিকতার মৌলিক বিষয় সম্পর্কে অবহিত করতে এ প্রশিক্ষণের আয়োজন করে পিআইবি ও শেকৃবিসাস। ৩ দিনের কর্মসূচিতে ৭ জন প্রশিক্ষকের পরিচালনায় মোট ১৫টি সেশনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বুধবার প্রশিক্ষণের শেষদিনে সমাপন অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেওয়া হয়।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেকৃবি উপাচার্য ও শেকৃবিসাস'র প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। প্রশিক্ষণ সমন্বয়কারী ও পিআইবি প্রতিবেদক জিলহাজ উদ্দিন নিপুণ ও শেকৃবি'র সহযোগী অধ্যাপক ও শেকৃবিসাস'র প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ড. তাজুল ইসলাম চৌধুরী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

পিআইবি পরিচালক মো. ইলিয়াছ ভূঁইয়া সভাপ্রধান হিসেবে উপস্থিত ছিলেন।

## কৃষি বিশ্ববিদ্যালয়ে সমন্বিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



দেশে প্রথমবারের মতো কৃষি বিষয়ক সাতটি কৃষি বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষা ৩০ নভেম্বর অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সার্বিক তত্ত্বাবধানে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়সহ ছয়টি কেন্দ্রে সকাল ১১ টায় একযোগে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬১ শতাংশ পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে আগেভাগেই সর্বাত্মক প্রস্তুতি নেওয়া হয়েছিল। প্রশ্নপত্র ফাঁসের গুজব প্রতিরোধে এবার আইন-শৃঙ্খলা বাহিনী আগেই সতর্কতামূলক ব্যবস্থা নেয় বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহিদুল্লাহ বলেন, সারাদেশে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে কৃষি বিষয়ক সাতটি কৃষি বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

## শেকৃবিতে মৎস্য সপ্তাহ উদযাপিত



পোনা অবমুক্ত করছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মোঃ রইছউল আলম মন্ডল ও উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ

বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা, মাছের পোনা অবমুক্তকরণের মধ্য দিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯ উদযাপিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ, অ্যাকোয়াকালচার অ্যান্ড মেরিন সাইন্স অনুষদের আয়োজনে এসব কর্মসূচি পালন করা হয়।

২৩ জুলাই সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে ব্যানার, প্ল্যাকার্ড, ফেস্টুন নিয়ে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে কৃষি অনুষদ সংলগ্ন পুকুরপাড়ে গিয়ে শেষ হয়। সেখানে পোনা অবমুক্ত করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মোঃ রইছউল আলম মন্ডল ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে ও অ্যাকোয়াকালচার বিভাগের চেয়ারম্যান ড. এ এম সাহাবউদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের সচিব মো. রইছউল আলম মন্ডল, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ড. ওয়ায়েস কবির, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক আবু সাঈদ মো. রাশেদুল হক। এসময় বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, কর্মকর্তা, মৎস্যবিজ্ঞানী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## শেকৃবি সাংবাদিক সমিতির বৃক্ষরোপণ কর্মসূচি



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়েছে। ১০ জুলাই উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ এ কর্মসূচির উদ্বোধন করেন।

বিশ্ববিদ্যালয়ের মেডিকেল চত্বর, অফিসার্স ক্লাব চত্বর, বিভিন্ন হলের সামনে জলপাই, হরীতকী, লটকন, কাঁঠাল, বহেরা, অর্জুন, লেবু, আমড়াসহ বিভিন্ন ফলজ ও ঔষুধি গাছ লাগানো হয়। কর্মসূচিতে ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান, মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. কে বি এম সাইফুল ইসলাম, সহযোগী অধ্যাপক ড. মো. তাজুল ইসলাম চৌধুরী, জনসংযোগ কর্মকর্তা কৃষিবিদ বশিরুল ইসলাম, শেকৃবিসাসের সভাপতি মহিবুল আলম সবুজ এবং সাধারণ সম্পাদক রাকিব খান প্রমুখ উপস্থিত ছিলেন।

## শেকৃবিতে এগ্রি রোভার্সের বৃক্ষরোপণ কর্মসূচি



এগ্রি রোভার্সের বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এগ্রি রোভার্সের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি শুরু হয়েছে। ২৪ জুলাই বুধবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরীর পাশে ঔষধি গাছ অশোক চারা রোপণের মাধ্যমে এ কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা ক্যাম্পাসে রোপণ করা হয়। কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কৃষিতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মো. রুহুল আমিন, উদ্যানতত্ত্ব বিভাগের অধ্যাপক মো. হাসানুজ্জামান আকন্দসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও এগ্রি রোভার্সের সদস্যরা।

এসময় উপাচার্য বলেন, আমরা ক্যাম্পাসে বনজ, ফলজ, ঔষধিসহ বিভিন্ন ধরনের গাছের সমন্বয়ে দেশের দ্বিতীয় বলধা গার্ডেন তৈরি করবো। যেখানে শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণারও সুযোগ থাকবে। তিনি আরও বলেন, এ বিশ্ববিদ্যালয়কে আরও দৃষ্টিনন্দন করে গড়ে তোলার লক্ষ্যে ল্যান্ডস্কেপিংয়ের জন্য ৫০ লাখ টাকা বাজেট করা হয়েছে।

## 'ইরাসমাস মুন্ডুস' স্কলারশিপ পেলেন শেকৃবির তিন শিক্ষার্থী



বিশ্বজুড়ে উচ্চশিক্ষার জন্য রয়েছে অসংখ্য স্কলারশিপ। তার মধ্যে অন্যতম স্কলারশিপ হলো ইউরোপীয় ইউনিয়নের ইরাসমাস মুন্ডুস স্কলারশিপ। উন্নয়নশীল দেশগুলোর শিক্ষার্থীদের মাস্টার্স এবং পিএইচডি পর্যায়ে এ স্কলারশিপ প্রদান করা হয়। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের মো. নাসির হোসেন সানি, আবু বকর সিদ্দিক এবং রিমানা ফাতেমা সম্মানজনক এ স্কলারশিপ পেয়েছেন। বাংলাদেশ থেকে এ বছর মোট ৭৮ জন শিক্ষার্থী এ স্কলারশিপ পেয়েছেন।

উচ্চতর গবেষণা, নতুন দেশ ও সংস্কৃতির সঙ্গে পরিচয় এবং বিভিন্ন ভাষাভাষী মানুষের সঙ্গে সর্ম্পক গড়ার পাশাপাশি এই স্কলারশপিরে অন্যতম আর্কষণ হচ্ছে মাসিক অর্থায়নে শিক্ষার্থীর ভ্রমণ, স্বাস্থ্যবীমা ও গবেষণা সম্পর্কিত সব খরচ বহন করা হয়। বিশ্ববিদ্যালয়ে ভর্তি থেকে শুরু করে সব ধরনরে টিউশন ফি, লাইব্রেরি ফি, পরীক্ষা ফি, গবেষণা সংক্রান্ত ফিসহ সবকিছুরই সুবিধা পাওয়া যায় বিনামূল্যে।

নাসির, আবু বকর, রিমানা যথাক্রমে ৩.৮৩,৩.৮৯,৩.৮২ সিজিপিএ নিয়ে অনার্স শেষ করেছেন। কাজ করেছেন বিভিন্ন গবেষকদের সঙ্গে, আইএলটিএসেও পেয়েছেন ভালো নম্বর। সবমিলিয়ে এখন স্বপ্ন পূরণের পথে পাড়ি দিবেন ইউরোপে।

## জিআরএমএফ স্কলারশিপ পেলেন শেকৃবি প্রভাষক



সম্মানজনক জিআরএমএফ (গুস্টাভ রোজেনবার্গার মেমোরিয়াল ফান্ড) স্কলারশিপ -২০১৯ অর্জন করেছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের মেডিসিন ও পাবলিক হেলথ বিভাগের প্রভাষক ডা. দেলোয়ার হোসেন।

তিনি আডার হেলথ বাংলাদেশ (Udder Health Bangladesh) এর গবেষণা সহকারী হিসেবে কাজ করছেন। যা সুইডেন সরকার এর অর্থায়ানে বাংলাদেশ-সুইডেন-নেদারল্যান্ডসের একটি যৌথ প্রকল্প। গাভীর ওলানের স্বাস্থ্য সুরক্ষার জন্য কাজ করছেন তারা।

এই টিমের সদস্যরা হচ্ছেন, ড. ইউলভা পারসন (ন্যাশনাল ভেটেরিনারী ইনস্টিটিউট, সুইডেন), ড. গেরিট কুপ (ইউট্রেখ বিশ্ববিদ্যালয়, নেদারল্যান্ডস), ড. মারজোলিন ডার্কস (ওয়াগেনেনিন ইউনিভার্সিটি অ্যান্ড রিসার্চ, নেদারল্যান্ডস), প্রফেসর ড. মো. আহসানুল হক (সিভাসু) এবং প্রফেসর ড. মো. মিজানুর রহমান (সিভাসু)।

## শেকৃবি'র রাজিয়া জাতীয় জীবপ্রযুক্তি মেলার পোস্টার ডিজাইন প্রতিযোগিতায় সেরা



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি বিভাগের শিক্ষার্থী রাজিয়া সুলতানা জাতীয় জীবপ্রযুক্তি মেলা-২০১৯ এর জনসচেতনতামূলক পোস্টার ডিজাইন প্রতিযোগিতায় বেস্ট প্রেজেন্টার এওয়ার্ড পেয়েছেন। এওয়ার্ড প্রাপ্তিতে রাজিয়াকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন ।

গত ১৮-১৯ অক্টোবর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে তথ্য মন্ত্রণালয় ও ন্যাশনাল ইন্সটিটিউট অব বায়োটেকনোলজি আয়োজিত ২য় জীবপ্রযুক্তি মেলা-২০১৯ এর জনসচেতনতামূলক পোস্টার ডিজাইন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতায় ১৭ টি বিশ্ববিদ্যালয় থেকে আগত ৩০০ জন প্রতিযোগি অংশগ্রহন করে। বাছাইকৃত ১২০ জন থেকে সেরা হন রাজিয়া সুলতানা। বিজয়ীদেরকে আকর্ষণীয় পুরস্কার, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

## শেকৃবি রোভার তানজির ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড লাভ



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের প্রথম এবং একমাত্র রোভার হিসেবে তানজির আহমেদ বাংলাদেশ স্কাউটস কর্তৃক "ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড -২০১৯" অর্জন করেছেন। এওয়ার্ড প্রাপ্তিতে তানজিরকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন ।

মানবকল্যানের উদ্দেশ্যে ঝড়, বন্যা, জলোচ্ছ্বাস, আপদকালীন উদ্ধার, ত্রান সামগ্রী সংগ্রহ ও বিতরন প্রভৃতি কাজে আত্মনিবেদনের স্বীকৃতিস্বরূপ তাকে এ অ্যাওয়ার্ডের জন্য মনোনিত করা হয়। স্কাউট একটি আন্তর্জাতিক স্বেচ্ছাসেবামূলক প্রতিষ্ঠান। বিশ্বের অনেক দেশেই স্কাউট আন্দোলন চালু রয়েছে। বাংলাদেশেও অনেক স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে এর কার্যক্রম চলছে।

## সিজিপিএ-৪ এ ৪ পেয়ে রেকর্ড গড়লেন জাকিয়া



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ থেকে বিএসসি এজি অনার্স পরীক্ষায় সিজিপিএ-৪ এর মধ্যে সিজিপিএ-৪-ই পেয়ে রেকর্ড গড়েছেন জাকিয়া ইসলাম। জাকিয়া ইসলামের বাড়ী গাইবান্ধা পৌরসভার পূর্ব থানাপাড়া এলাকায়। বাবা মরহুম খাদেমুল ইসলাম ও মা গুলশান আরা বেগমের তিন সন্তানের মধ্যে সর্বকনিষ্ঠ তিনি।

তার এই সাফল্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন ।

জাকিয়া ইসলাম ২০০৫ সালে গাইবান্ধা কলেজিয়েট মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণিতে ট্যালেন্টপুলে বৃত্তি, ২০০৮ সালে গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে অষ্টম শ্রেণিতে ট্যালেন্টপুলে বৃত্তি লাভ করেন।

২০১১ সালে একই বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ এবং ২০১৩ সালে গাইবান্ধা সরকারি কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ পান জাকিয়া ইসলাম। অষ্টম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রথমস্থান অধিকার করেন তিনি।

## শেকৃবিতে উৎসবমুখর পরিবেশে র‍্যাগ ডে উদযাপন



'অনিকেত ৭৪' ব্যাচের তিন দিন ব্যাপী র‍্যাগ-ডে অনুষ্ঠান কেক কেটে শুভ উদ্বোধন করছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ

সাদা টি-শার্টে আনন্দ-উচ্ছ্বাস, রঙে-রূপে এক অপরূপ সাজে সজ্জিত হয়ে র‍্যাগ ডে'র আনন্দে মেতে উঠেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ৭৪তম ব্যাচের শিক্ষার্থীরা। ৩ নভেম্বর সকাল ১১টায় কৃষি অনুষদের 'অনিকেত ৭৪' ব্যাচের তিন দিন ব্যাপী র‍্যাগ-ডে অনুষ্ঠান কেক কেটে শুভ উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। এসময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. মো. সেকেন্দার আলী, শেকৃবি শাখার ছাত্রলীগের সভাপতি এস এম মাসুদুর রহমান মিঠুসহ শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রছাত্রীরা।

ঢোল ও বাঁশির তালে ছাত্র-ছাত্রীরা নেচে-গেয়ে, রঙ ছুড়ে, ঘোড়ার গাড়িতে চড়ে, রঙে সেজে গ্রুপ ছবি তুলে উদযাপন করে।



## দ্বিগুণ ফলন দেবে হলুদ চেরি টমেটো ‘গোল্ডেন পূর্ণা’



দেশীয় আবহাওয়ায় হলুদ চেরি টমেটোর একটি উচ্চ ফলনশীল জাত অভিযোজন করতে সক্ষম হয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক। ইতোমধ্যে জাতটির নিবন্ধন দিয়েছে জাতীয় বীজ বোর্ড। বিশ্ববিদ্যালয়ের নামে জাতটির নাম রাখা হয়েছে- ‘সাউ ইয়েলো চেরি টমেটো’ (গোল্ডেন পূর্ণা)। দেশে টমেটোর এই জাত চাষে দ্বিগুণ ফলন পাওয়া যাবে বলে জানিয়েছেন গবেষকরা।

উদ্যানতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. এএফএম জামাল উদ্দিনের তত্ত্বাবধানে এই জাত নিয়ে গবেষণা করেছেন স্নাতকোত্তরের শিক্ষার্থী রাকিবুজ্জামান মনি এবং ভারত থেকে শেকৃবিতে মাস্টার্স করতে আসা রাহুল শেখ।

জাপান থেকে আনা চেরি টমেটোর বীজ নিয়ে ২০১৪ সালে দেশীয় আবহাওয়ায় অভিযোজন করাতে গবেষণা শুরু করেছিলেন ড. জামাল উদ্দিন। দীর্ঘ পাঁচ বছর গবেষণা করে তারা জাতটিকে দেশীয় আবহাওয়ার উপযোগী করে গড়ে তুলতে সক্ষম হন। জাতটি সারাদেশে চাষ করা যাবে বলে জানিয়েছেন গবেষকরা।

## বঙ্গবন্ধুর নামে নন্দিনী ফুলের নতুন জাত



গোড়া বিদেশি হলেও দেশীয় ফুলরাজ্যে অনন্য বিশেষত্বের গোলাপসদৃশ এক নতুন ফুল এখন নন্দিনী। এক যুগ আগে রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব খামারে নন্দিনী প্রথম ফোটে। গত ৮ আগস্ট জাতীয় বীজ বোর্ড (এনএসবি) অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধনের আওতায় বঙ্গবন্ধু-১ ও বঙ্গবন্ধু-২ নামে নন্দিনীর দুটি নতুন জাত প্রত্যয়ন করে। ফুলের এ জাত দুটি সারা দেশেই উৎপাদনক্ষম।

নীল রঙের কাটফুলের (বাণিজ্যিক ফুল) কদর বিশ্বজুড়ে। সেক্ষেত্রে আপাতত গোলাপ, জার্বেরা, গাঁদা কিংবা রজনীগন্ধ্যার ভিড়ে এ জাতীয় ফুল বাংলাদেশে নেই বললেই চলে। ফুল দুটির মধ্যে বঙ্গবন্ধু-১ গাঢ় নীল রঙের ও বঙ্গবন্ধু-২ হালকা গোলাপি। হার্ব জাতীয় এ উদ্ভিদে ৫ পাপড়িবিশিষ্ট গোলাপসদৃশ ফুল হয়। ফুল দুটি বছরজুড়ে দেশের বন্যা ও খড়াপ্রবণ এলাকাতেও জন্মাতে পারে।

## ফসলের জাত সংরক্ষণে শেকৃবিতে জিন ব্যাংক ও সীড মিউজিয়াম



আবহাওয়া ও জলবায়ুর উপযুক্ততার কারণে বাংলাদেশ নানান জীববৈচিত্র্যে ভরপুর। তবে পরিবেশের পরিবর্তনের কারণে হুমকির সম্মুখীন হচ্ছে জীববৈচিত্র্য। তাই ক্রমেই এই জীববৈচিত্র্য সংরক্ষণের দাবি জোরদার হচ্ছে। এরই ধারাবাহিকতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে গড়ে উঠেছে সীড মিউজিয়াম ও জিন ব্যাংক।

দেশে চাষ করা হয় এমন কিছু বৈচিত্রময় ফসলের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেয়ার জন্যই এই প্রয়াস। এ কাজে নিয়োজিত আছেন বিশ্ববিদ্যালয়ের কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগের শিক্ষক অধ্যাপক ড. মো. শহীদুর রশিদ ভূঁইয়া এবং অধ্যাপক ড. মো. ছরোয়ার হোসেন।

বিশ্ববিদ্যালয়ের ড. ওয়াজেদ মিয়া কেন্দ্রীয় গবেষণাগারের চতুর্থ তলায় গড়ে তোলা হয়েছে এই জিন ব্যাংক ও সীড মিউজিয়াম যা হেকেপ (হায়ার এডুকেশন কোয়ালিটি এনহান্সমেন্ট প্রজেক্ট) প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত। এতে আর্থিক সহায়তা করেছে বিশ্বব্যাংক।

## মাছের বিস্কুট ও চানাচুর উদ্ভাবন শেকৃবির গবেষক দলের



সুস্বাদু ও সকল পুষ্টিগুণ ঠিক রেখে পাঙ্গাস ও সিলভার কার্প মাছ দিয়ে বিস্কুট ও চানাচুর তৈরি করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশিং এ্যান্ড পোস্ট হার্ভেস্ট টেকনোলজি বিভাগের প্রভাষক মোঃ মাসুদ রানা ও তার গবেষক দল। যা দেশে প্রথম। প্রাণিজ আমিষ সমৃদ্ধ এই পণ্যগুলো ছোট ছেলেমেয়েদের পুষ্টি চাহিদা পূরণ এবং গর্ভবতী নারীদের পুষ্টির সঙ্কুলানে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে জানান গবেষক দলের প্রধান মাসুদ রানা। যা একই সঙ্গে মানুষের দেহের প্রয়োজনীয় বিভিন্ন পুষ্টি উপাদান, ভিটামিন ও মিনারেল সরবরাহ করবে। তার এই সাফল্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ অভিনন্দন জানিয়েছেন।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ, একোয়াকালচার এ্যান্ড মেরিন সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মো. কাজী আহসান হাবীব বলেন, বর্তমানে বাংলাদেশ মাছ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। প্রতিবছর লক্ষ্যমাত্রা হতে অতিরিক্ত মাছ উৎপাদিত হচ্ছে। অন্যদিকে পাঙ্গাশ ও সিলভার কার্প মাছ দুটির উৎপাদনের হার বেশি কিন্তু ভোক্তাদের চাহিদা ও বাজার দর দিন দিন কমতে থাকায় চাষীরা পাঙ্গাশ ও সিলভার কার্প মাছ চাষ থেকে মুখ ফিরিয়ে নিচ্ছে। মাসুদের এ আবিষ্কারের ফলে চাষীর আবারও এ মাছ চাষে আগ্রহী হবে। যা দেশে অর্থনীতিতে ব্যাপক অবদান রাখবে। উৎপাদিত পণ্য রফতানি করেও প্রচুর অর্থ আয় করা সম্ভব। তাছাড়া প্রাণিজ আমিষের ঘাটতি পূরণে এ আবিষ্কার আগামী দিনের পাঙ্গাশ ও সিলভার কার্প মাছ উৎপাদন ব্যবস্থায় সাফল্য বয়ে নিয়ে আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

## শেকৃবিতে শিক্ষার্থীদের আনন্দ মিছিল




কৃষি বিপণন অধিদফতরের কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী পরিচালক পদে কৃষি অর্থনীতি ও কৃষি বিপণন ডিগ্রী (স্নাতক) গেজেটভুক্ত হওয়ায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে আনন্দ মিছিল করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। এসময় তারা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

১৯ নভেম্বর মঙ্গলবার বিকেলে বাংলাদেশ কৃষি অর্থনীতি ছাত্র সমিতির আয়োজনে কৃষি অর্থনীতি পুরনো অনুষদ ভবনের সামনে থেকে আনন্দ মিছিল শুরু হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে শেখ কামাল ভবনের সামনে শেষ হয়। এরপর মিছিল পরবর্তী আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ কৃষি অর্থনীতি ছাত্র সমিতির সভাপতি মো. ফয়জুল ইসলামের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, বিশেষ অতিথি ছিলেন উপ উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, বাংলাদেশ কৃষি অর্থনীতি ছাত্র সমিতির মহাসচিব এম এল খান তারিক, অনুষদের বর্তমান ও সাবেক ডিনবৃন্দ, শিক্ষক এবং শিক্ষার্থীরা।

## প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে শেকৃবিতে এতিমদের মাঝে খাবার বিতরণ



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন উপলক্ষে আনন্দ মিছিল ও এতিমদের মাঝে খাবার বিতরণ করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। ২৮ সেপ্টেম্বর সকাল ১১ টায় আনন্দ মিছিল শেষে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভা শেষে ক্যাম্পাস প্রাঙ্গণে বৃক্ষরোপণ করা হয়। এরপর শেকৃবি ছাত্রলীগ কার্যালয়ে এতিম মাদ্রাসা ছাত্রদের মাঝে খাবার বিতরণ করা হয়। এছাড়া কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ। এছাড়া শেকৃবি ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## যথাযোগ্য মর্যাদায় শেকৃবিতে জাতীয় শোক দিবস পালিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদায় পালিত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস। ১৫ আগস্ট দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ৬ টায় বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা গোল চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত ও শোক পতাকা উত্তোলন করে শোক দিবসের কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা কালো ব্যাজ ধারণ করে এতে অংশ নেয়। এরপর প্রশাসনিক ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয় । পরে বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন ও তার রুহের মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়।

সকাল ৭টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের নেতৃত্বে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির জনকের প্রতি প্রকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়।

শোক দিবসের অন্যান্য আয়োজনের মধ্যে ছিল কোরআন খানি, মিলাদ মাহিফ্‌ল, আলোচনা সভা ও কাঙ্গালী ভোজ।

## শেকৃবিতে জাতীয় কৃষি দিবস পালিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে 'জাতীয় কৃষি দিবস ও নবান্ন উৎসব'। ১৫ নভেম্বর শুক্রবার ওয়াইফাই চত্বরে পিঠা উৎসব, চিত্রপ্রদর্শনী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালন করে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন। এর আগে উপাচার্যের নেতৃত্বে একটি শোভাযাত্রা বের হয় ক্যাম্পাসে। তাতে কৃষক-কিষানি সেজে অংশ নেন বিভিন্ন অনুষদের শিক্ষার্থীরা। এ সময় কৃষিযন্ত্রের প্রদর্শনী, কৃষি প্রযুক্তি এবং কৃষি সংশ্লিষ্ট স্লোগান সংবলিত প্ল্যাকার্ড প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে ট্রেজারার অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

## শেকৃবিতে বিশ্ব ডিম দিবস পালিত



স্বাস্থ্যবান ও মেধাবী জাতি গঠনের লক্ষ্যে মানুষকে বেশি বেশি ডিম খাওয়ার প্রতি উদ্বুদ্ধ করতে বিশ্বের অন্যান্য দেশের মতো শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে বিশ্ব ডিম দিবস-২০১৯। এ উপলক্ষে স্কুলের শিক্ষার্থীদের ডিম বিতরন, বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। দিবসটির এ বছরের প্রতিপাদ্য ছিল "সুস্থ মেধাবী জাতি চাই, প্রতিদিনই ডিম খাই "।

শনিবার সকাল ১০টার দিকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয় হয়। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, ড. কে. বি এম সাইফুল ইসলাম সহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা র‍্যালিতে অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি শেখ কামাল ভবন থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। পরে শেখ কামাল ভবনের সামনে ডিম বিতরন করা হয়।

## শেকৃবিতে দীপাবলি ও শ্যামা পূজা উদযাপিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় অনুষ্ঠান দীপাবলি ও শ্রী শ্রী শ্যামা পূজা অনুষ্ঠিত হয়েছে। অশুভ শক্তি দূর করে পৃথিবীকে মঙ্গল আলোয় আলোকিত করার উদ্দেশ্যেই দীপাবলি পালন করা হয়। দীপাবলি ও শ্রী শ্রী শ্যামা পূজা একই সূত্রে গাঁথা।

## জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কবি কাজী নজরুল হল শাখা ছাত্রলীগ ২৯ আগস্ট এক আলোচনা সভার আয়োজন করে।

শেকৃবি ছাত্রলীগের সভাপতি এস. এম. মাসুদুর রহমান মিঠুর সভাপতিত্বে এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচায অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, হল প্রভোস্ট ড. মো. সাইফুল ইসলাম ভূঁইয়াসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

## শেকৃবিতে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। ১৪ ডিসেম্বর সকাল সাড়ে ৮টায় দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের সম্মুখ চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয়। পরবর্তীতে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়।

এরপর উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের নেতৃত্বে মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে জাতির শ্রেষ্ঠ সন্তানদের ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। এ সময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার অধ্যাপক ড. মো আনোয়ারুল হক বেগ, ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ ডিন অধ্যাপক ড. পরিমল কান্তি বিশ্বাস, নীল দলের সভাপতি অধ্যাপক নূর মো. রহমতউল্লা, রেজিস্ট্রার শেখ রেজাউল করিমসহ শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন ।

## বর্ণাঢ্য আয়োজনে শেকৃবিতে বিজয় দিবস উদযাপন




দিনভর নানা আয়োজনের মধ্য দিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণিল সাজে সাজানো হয় ক্যাম্পাস। ১৬ ডিসেম্বর ভোর সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুরু হয়।

সকাল ৭টায় বিশ্ববিদ্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেরেবাংলা এ কে ফজলুল হকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করা হয়। এরপর উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ করেন।

বেলা ১১টায় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় কেন্দ্রীয় খেলার মাঠে। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। ক্রীড়া প্রতিযোগিতার মধ্যে ছিল ভলিবল, পিলোপাসিং ও দৌড় প্রতিযোগিতাসহ নানা আয়োজন।

দুপুর ২টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ। এসময় অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি এস এম মাসুদুর রহমান মিঠু ও সাধারণ সম্পাদক মো. মিজানুর রহমান উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান।




## এক নজরে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিশ্ববিদ্যালয় ঘোষণা-৬ জানুয়ারি ২০০১
জাতীয় সংসদে আইন পাস-৯ জুলাই ২০০১
প্রতিষ্ঠা কাল-১৫ জুলাই ২০০১
উপাচার্য-প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ
উপ-উপাচার্য-প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী
ট্রেজারার-প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ
আয়তন-৮৬.৯৭ একর
অনুষদ - ৪
ইনস্টিটিউট - ১
বিভাগ - ৩৫
শিক্ষক - ৩২২
কর্মকর্তা - ২৭৪
কর্মচারী - ৩৮১
শিক্ষার্থী - ৪৮০৪

* স্নাতক-২৮৪৩
* স্নাতকোত্তর-১৮৫৪
* পিএইচ.ডি-১০৬
* পোস্ট ডক্টরেট-০১

হল-৫ (ছাত্র-৩ এবং ছাত্রী-২টি)
ফার্ম-৫
অতিথি ভবন-১ টি

## সম্পাদনা পরিষদ


**উপদেষ্টা**
**প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ,** উপাচার্য, শেকৃবি

**আহ্বায়ক**
**প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ,** ট্রেজারার, শেকৃবি

**সদস্যমণ্ডলী**
**প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান,** পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), শেকৃবি
**প্রফেসর ড. মোঃ ফরহাদ হোসেন,** কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, শেকৃবি
**ড. এ.এম. সাহাবউদ্দিন,** সহযোগী অধ্যাপক, একোয়াকালচার বিভাগ, শেকৃবি
**ড. আয়েশা আক্তার,** সহযোগী অধ্যাপক, কীটতত্ত্ব বিভাগ, শেকৃবি
**মোঃ তোফায়েল হোসেন,** সহকারী অধ্যাপক, এগ্রিকালচারাল বোটানী বিভাগ, শেকৃবি
**মোঃ দুলাল সরকার,** সহকারী অধ্যাপক, উদ্যানতত্ত্ব বিভাগ, শেকৃবি

**সদস্য সচিব**
**মোঃ বশিরুল ইসলাম,** জনসংযোগ কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), শেকৃবি



যোগাযোগ
জনসংযোগ ও প্রকাশনা দফতর, শেকৃবি, ঢাকা।
ওয়েব সাইটঃ www.sau.edu.bd

ডিজাইন ও মুদ্রণেঃ
আনিশা প্রিন্টিং প্রেস
+৮৮ ০২ ৯৬৭১০২৮/aneeshapress@gmail.com